



বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭, বাংলাদেশ

স্মারক : ২৩.০৪.০০০০.০০৮.৬১.০১৩.১৬-৮০

তারিখ : ১৮/০১/২০১৮

বিষয় : মোটর ওয়ার্কশপ তালিকাভুক্তি ও নবায়নকরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর গাড়ীগুলি মেরামত করার জন্য কাফরুল, শেরেবাংলা নগর, আদাবর, দারুস সালাম, মোহাম্মদপুর ও তেজগাঁও থানার আওতাধীন এলাকার যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান/মোটর ওয়ার্কশপ মালিকদের নিকট হতে তালিকাভুক্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এই বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হবার ১৫ (পনের) দিনের মধ্যে পেপার কাটিংসহ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রয়োজনীয় কাগজপত্র (হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতার সার্টিফিকেট, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশনসহ) স্পারসোর চেয়ারম্যান বরাবর তালিকাভুক্তির ও নবায়নের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য যে, বিগত ০৮-১২-২০১৭ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। স্পারসোর বিশেষজ্ঞ/কারিগরি কমিটির সদস্যগণ পরিদর্শনের পর চূড়ান্তভাবে ওয়ার্কশপ নির্বাচন করবেন। নির্বাচিত ওয়ার্কশপসমূহকে জামানত হিসেবে টাকা=১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র) টাকা (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে চেয়ারম্যান, স্পারসো নামে জমা দিতে হবে এবং পিপিআর-২০০৮ এর ৫২(৩)(ঙ) এর আলোকে তালিকাভুক্তির জন্য টাকা=৫০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র) টাকা ফি (অফেরতযোগ্য) এবং নবায়নের জন্য টাকা=২০০০.০০ (দুই হাজার টাকা মাত্র) টাকা ফি (অফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-

(কাজী শাহজাহান)

প্রধান প্রশাসনিক কর্মকর্তা

G-240/01/18 (2'x2)